

২০১৯

বাংলা

(অনাস)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেষ্টার

ষষ্ঠ পত্র (BNGH-CC-T-VI)

(বাংলা উপন্যাস)

পূর্ণমান : ৬০

সময় :  $2\frac{1}{2}$  ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$ 

ক) “তুই মরিতে এত ভীত কেন?”

— কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন? শ্রোতার  
মৃত্যুভয়ের কারণ কী?খ) “তিনি মহামহোপাধ্যায় পদ্ধতি। সকলে তাহাকে ভক্তি  
করিত।”

উদ্দিষ্ট ব্যক্তিটি কে? তাঁর পরিচয় প্রকাশ করো।

গ) ‘যুদ্ধ কালে সকলেই ঢের সকলেই বঞ্চক’ — বঙ্গ কে?  
তিনি কী চুরি করেছিলেন?

(পরের পাতায়)

- ঘ) “কিন্তু সে যাই হোক, ওই লোকটি কি। মানুষ? দেবতা? পিশাচ কে ও?” — কে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন? এই উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে?
- ঙ) ‘আজ দাও না দিদি আমাকে একটি। তোমাদের তো দুটো তিনটি রয়েচ্ছে’।  
— কে, কাকে এই কথা বলেছে? সে কী চাইছে, কেন?
- চ) “কিন্তু কেমন করিয়া ভাব করি। সে যে আমার অনেক উচ্চে”। — কে, কার সম্পর্কে এই মনোভাব প্রকাশ করেছে? উদ্দিষ্ট মানুষটির সঙ্গে ভাব করার কারণ কী?
- ছ) “তাতে দোষ হয় কী? কত খুশী হয় বল দেখি” — কে, কাকে এই কথা বলেছেন? কোন্ প্রসঙ্গে কার খুশী হওয়ার কথা এখানে বলা হয়েছে?
- জ) “স্বভাবের চেয়ে বড় হতে চাওয়াটাই কি আমাদের স্বভাব নয়?” — কে, কাকে এই কথা বলেছেন? উক্তিটির অর্থ অল্প কথায় লেখো।
- ঝ) ‘রাজসিংহ’ উপন্যাস মোট কয়টি পরিচ্ছেদে বিন্যস্ত? প্রথম পরিচ্ছেদটির শীর্ষনাম কী?
- ঞ) ‘ঘরে বাইরে’ উপন্যাস কোন্ সাময়িক পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? কত খ্রিস্টাব্দে?
- ঠ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) কে কোন্ শ্রেণীর উপন্যাস হিসাবে চিহ্নিত করা যায়?
- ড) ‘শ্রীকান্ত’ উপন্যাসে বহুরূপীর নাম কী? তার বাড়ি কোথায় ছিল?

- ড) নতুনদা থিয়েটারে কী বাজাত? তার বাড়ি কলকাতার  
কোন্ পাড়ায়?
- ঢ) ‘ঘরে বাইরে’ উপন্যাসে অমূল্যের শেষ পরিণতি কী  
হয়েছিল?
- ণ) চক্ষুলকুমারী অনন্ত মিশ্রের হাতে কোন্ কোন্ দ্রব্য পাঠাতে  
চেয়েছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$

- ক) ‘আমায় দয়া কর। আমায় ক্ষমা কর’ — কে, কাকে  
দয়া ও ক্ষমা করার কথা বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করে  
লেখো সত্যিই কী সে দয়া ও ক্ষমা করেছে?
- খ) ‘কি কার্য তাহা না জানিলে আমি বলিতে পারি না। আমি  
কোন দেবতা ব্রাহ্মণের অনিষ্ট করিতে পারিব না।’  
— বক্তা কে? কাকে উদ্দেশ্য করে আলোচ্য উক্তিটি করা  
হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে এখানে কোন্ কার্যের বিষয়ে  
বলা হয়েছে তা বিবৃত করো।
- গ) “ওরে পাগলা, অত পুণ্য তোর এই দিদির নেই। আমাকে  
খাবে না রে” — এই উক্তিটি কার? বক্তা কাকে কোন্  
প্রসঙ্গে এই উক্তিটি করেছেন? এই উক্তির মাধ্যমে বক্তার  
চরিত্রের কোন্ পরিচয় প্রকাশিত হয়েছে?
- ঘ) “দেশের জন্যে অত্যাচার করা দেশের উপরেই অত্যাচার  
করা, সে কথা তুমি বুঝতে পারবে না” — বক্তা কে?  
কোন্ প্রসঙ্গে কার উদ্দেশ্যে এই উক্তি করা হয়েছে? এই  
উক্তির মধ্যে দিয়ে বক্তার স্বরূপ বিচার করো।

- ঙ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের সন্দীপ চরিত্রের উদ্দেশ্যমুখীনতা  
প্রসঙ্গে সংক্ষেপে আলোচনা করো।
- চ) শ্রীকান্ত (১ম পর্ব) উপন্যাসের যে সমস্ত অংশে অন্ধকারের  
বিশিষ্ট রূপ বর্ণিত হয়েছে, তার পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$

- ক) ‘রাজসিংহ’ উপন্যাসে ওরঙ্গজেব চরিত্রটি ইতিহাসের ক্ষেত্র  
থেকে উন্নীর্ণ হয়ে কতটা মানবিক চেতনায় উদ্ভাসিত হয়েছে  
তা আলোচনা করো।
- খ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের বিমলা চরিত্রই একমাত্র জীবন্ত  
সৃষ্টি, কোনো মতবাদের প্রতীক নয় — আলোচনা করো।
- গ) কোনো কোনো সমালোচক মনে করেন ইন্দ্রনাথ ‘শ্রীকান্ত’  
উপন্যাসের প্রথম পর্বের নায়ক। এই উক্তিটির যৌক্তিকতা  
বিচার করো।
- ঘ) ডায়েরীধর্মী গঠনরীতি ‘ঘরে বাইরে’ উপন্যাসটিকে  
শিল্পসার্থক করে তুলেছে কিনা বিচার করো।